# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০৬৮

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি জানাযার সালাত আদায় করে দাফনের জন্য প্রতিক্ষা করে, তাকে মহান আল্লাহ যে দুই পাহাড় পরিমাণ সাওয়াব দান করেন তার বিবরণ

## ذِكْرُ وَصْفِ الْجَبَلَيْنِ اللَّذَيْنِ يُعْطِي اللَّهُ مِثْلَهُمَا مِنَ الْأَجْرِ لِمَنْ صَلَّى عَلَى جَنَازَةٍ وَحَضَرَ دفنها

---

আরবী

3068 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ قَالَ: حدثنا إسحاق بن إبراهيم قال: أخبرنا المقرىء قَالَ: أَخْبَرَنَا حَيْوَةُ بْنُ شُرَيْحٍ قَالَ: حَدَّثَنِي أَبُو صَخْرٍ أَنَّ يَزِيدَ بْنَ عَبْدِ اللَّهِ بن قُسَيْطٍ حَدَّثَهُ أَنَّ دَاوُدَ بْنَ عَامِرِ بْنِ سَعْدِ بْنِ أَبِي وَقَّاصٍ حَدَّثَهُ عَنْ أَبِيهِ: أَنَّهُ كَانَ قَاعِدًا مَعَ ابْنِ عُمَرَ فَاطَّلَعَ صَاحِبُ الْمَقْصُورَةِ قَالَ: يَا عَبْدَ اللَّهِ بْنَ عُمَرَ أَلَا تَسْمَعُ مَا يَقُولُ أَبُو هُرَيْرَةَ؟ أَنَّهُ سَمِعَ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (مَنْ تَبِعَ جَنَازَةً مِنْ بَيْتِهَا حَتَّى يُصَلِّيَ عَلَيْهَا ثُمَّ تَبِعَهَا حَتَّى يَدْفِنَهَا كَانَ لَهُ قِيرَاطَانِ كُلُّ قِيرَاطٍ مِثْلُ أُحُدٍ وَمَنْ رَجَعَ عَنْهَا بَعْدَمَا يُصَلِّي وَلَمْ يَتْبَعْهَا كَانَ لَهُ قِيرَاطٌ مِثْلُ أُحُدٍ) فَقَالَ ابْنُ عُمَرَ اذْهَبْ إِلَى عَائِشَةَ فَسَلْهَا عَنْ قَوْلِ أَبِي هُرَيْرَةَ ثُمَّ ارْجِعْ إِلَيَّ فَأَخْبِرْنِي بِمَا قَالَتْ قَالَ: وَأَخَذَ ابْنُ عُمَرَ قَبْضَةً مِنْ حَصَاةٍ فَجَعَلَ يقلِّبها بِيَدِهِ حَتَّى رَجَعَ الرَّسُولُ فَقَالَ: قَالَتْ: صَدَقَ أَبُو هُرَيْرَةَ فَرَمَى ابْنُ عُمَرَ الْحَصَى إِلَى الْأَرْضِ مِنْ يَدِهِ وَقَالَ: لقد فرطنا في قراريط كثيرة.
الراوي : عَامِرِ بْن سَعْدِ بْنِ أَبِي وَقَّاصٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

বাংলা

৩০৬৮. আমির বিন সা'দ বিন আবী ওয়াক্কাস থেকে বর্ণিত, তিনি বলেন যে, তিনি আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা সাথে বসে ছিলেন, এমন সময় খাছ কামরার মালিক খাব্বাব রাদ্বিয়াল্লাহু আনহু আসেন। তিনি বলেন, “হে আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা, আপনি কি শুনছেন না, আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু কী বলছেন?

তিনি বলছেন যে, তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছেন, তিনি বলেছেন, “যে ব্যক্তি বাড়ি থেকে জানাযার অনুসরণ করবে, অতঃপর সালাত আদায় করা পর্যন্ত সেখানে থাকেন, তারপর দাফন করা পর্যন্ত তার অনুসরণ করে, তবে তার জন্য দুই কীরাত রয়েছে। প্রত্যেক কীরাত উহুদ পাহাড় সমপরিমাণ। আর যে ব্যক্তি সালাত আদায় করার পর ফিরে আসে; পরে আর অনুসরণ করে না, তার জন্য উহুদ পাহাড় পরিমাণ এক কীরাত রয়েছে।”

তখন আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা বলেন, “আপনি আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহার কাছে যান এবং তাকে আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহুর বক্তব্য সম্পর্কে জিজ্ঞাসা করুন। তারপর ফিরে এসে তার কথা আমাকে অবহিত করবেন।”

রাবী বলেন, “আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা এক মুষ্টি পাথর-মাটি হাতে নিয়ে হাত দিয়ে তা ওলট-পালট করতে লাগলেন। এমন সময় বার্তাবাহক ফিরে এসে বলেন, “আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা বলেছেন, “আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু সত্য বলেছেন।” তখন আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা হাত থেকে পাথর-মাটি ফেলে দিয়ে বলেন, “আমরা বহু কীরাতের বিষয়ে অবহেলা করেছি।”[1]

## ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৯৪৫; আবূ দাউদ: ৩১৬৯; সুনান বাইহাকী: ৩/৪১২-৪১৩; নাসাঈ: ৪/৭৭; সহীহুল বুখারী: ১৩২৩; আত তায়ালিসী: ২৫৮১; মুসনাদ আহমাদ: ২/৩৮৭।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আহকামুল জানাইয: ৮৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আমির ইবন সা'দ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92398

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন